

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.১৭-২৫

তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০১৭ খ্রি./ ১২ আশ্বিন ১৪২৪ ব।

বিষয়ঃ- চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় ৩০০ টি নির্বাচনী এলাকায় মাননীয় সদস্যদের অনুকূলে ১ম কিস্তির সাধারণ বরাদ্দের অর্থ বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় ৩০০ টি নির্বাচনী এলাকার মাননীয় সংসদ সদস্যদের নিম্নবর্ণিত বিভাজন ও শর্ত অনুসারে ১ম কিস্তির সাধারণ বরাদ্দ মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অনুকূলে নির্দেশক্রমে প্রদান করা হলো। এই ব্যয় বাজেট কোড নং ৩-৪৯০৩-০০১-৫৯৯২ হতে নির্বাহ করা হবে।

ক্রম	বরাদ্দের খাত	মোট বরাদ্দের পরিমাণ	সংসদীয় নির্বাচনী এলাকা (মোট বরাদ্দের ৫০% টাকা)
১।	৩০০টি নির্বাচনী এলাকা	২৯২,১৫,২১,৯৯৭.৬২	১৪৬,০৭,৬০,৯৯৮.৮১
	মোট:	২৯২,১৫,২১,৯৯৭.৬২	১৪৬,০৭,৬০,৯৯৮.৮১

শর্তসমূহঃ

- (১) এ মন্ত্রণালয়ের ১ম কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা টি.আর কর্মসূচির নির্দেশিকা অনুসরণ করে সত্তর জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;
- (২) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান ও টি.আর নির্দেশিকায় বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৩) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/ বাছাই টি.আর কর্মসূচির নির্দেশিকার ৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৪) জেলা কর্ণধার কমিটির অনুমোদনকৃত প্রকল্পের অনুকূলে অর্থ ছাড়করণের জন্য জেলা প্রশাসকগণের প্রতিবেদন অনুসারে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর মূল বরাদ্দ প্রদান করবে;
- (৫) সংরক্ষিত আসনের মাননীয় মহিলা সংসদ সদস্যদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যবহারের লক্ষ্যে তাঁর অভিপ্রায় অনুসারে জেলা/ উপজেলাওয়ারী বিভাজন সংগ্রহ করে তা সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের বরাবর এবং নির্বাচনী এলাকাভিত্তিক বরাদ্দ সকল জেলা প্রশাসকদের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করতে হবে।
- (৬) বাস্তবায়নামীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া।
- (৭) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মত মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করা।
- (৮) খুব ছোট ছোট প্রকল্প গ্রহণ হতে বিরত থাকা।
- (৯) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ।
- (১০) কর্মসূচির বরাদ্দ বিভাজনের ক্ষেত্রে সংরক্ষিত মহিলা সংসদ সদস্যদের সংসদীয় এলাকা নির্দিষ্টকরণ।
- (১১) কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত/ আইন বিধির আওতায় আনা।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ হোসেন)

উপসচিব (ত্রাণ-২)

ফোনঃ ৯৫৪০১৪৩

dsreliefprog2@modmr.gov.bd

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর


দুর্যোগ ব্যবস্থাপনা ভবন

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

অপর পাতা দ্রঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় সংসদ সদস্য (সকল).....!
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৬। জেলা প্রশাসক, (সকল) -----।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ১১। সিস্টেম এনালিস্ট, আই, সি, টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
- ১২। অতিঃ সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিঃ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোহাম্মদ হোসেন)
উপসচিব (ত্রাক-২)